

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২৩

আগরতলা, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

কমন সার্ভিস সেন্টার

পশ্চিম ত্রিপুরা জেলায় ৫ জন মহিলা সুবিধাভোগীকে ভ্রাম্যমান গাড়ি

পশ্চিম ত্রিপুরা জেলার ৫টি ব্লকের ক্লাস্টার লেভেল ফেডারেশনের ৫ জন মহিলা সুবিধাভোগীকে কমন সার্ভিস সেন্টার সম্বলিত ভ্রাম্যমান গাড়ি দেওয়া হয়েছে। তথ্য প্রযুক্তি অধিকর্তা কার্যালয়ের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের সহযোগিতায় পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে আজ এক অনুষ্ঠানে সুবিধাভোগীদের হাতে এই ভ্রাম্যমান গাড়িগুলি তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য এই পাঁচজন মহিলা সুবিধাভোগীর হাতে ভ্রাম্যমান গাড়িগুলির চাবি তুলে দেন। সুবিধাভোগীরা হলেন ডুকলি ব্লকের পিথকি দাস, জিরানীয়া ব্লকের আলপনা দেবনাথ, মোহনপুর ব্লকের সুরজালক্ষ্মী সিনহা দেববর্মা, বামুটিয়া ব্লকের কম্পনা সরকার ও পুরাতন আগরতলা ব্লকের কাকলি দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, অ্যাসিস্ট্যান্ট কালেক্টর এম এস চারু ও সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট নীহাররঞ্জন দাস।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য বলেন, গতবছরও জেলার ৪ জন জনজাতি মহিলাকে কমন সার্ভিস সেন্টারের ভ্রাম্যমান গাড়ি দেওয়া হয়েছে। এবছরও জেলার ৫ জন সিএলএফ সদস্যকে এই গাড়ি দেওয়া হয়েছে। তিনি রাজ্য সরকারের এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করে বলেন, এই গাড়িগুলির মাধ্যমে গ্রামের প্রতিটি বাড়িতে সহজে বিভিন্ন প্রশাসনিক সুবিধা পৌঁছে দেওয়া যাবে। গ্রামের মানুষকে প্রয়োজনীয় কাগজপত্রের জন্য দূরদূরান্তে ছুটতে হবে না।
